

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৫৮(আগরতলা ৪।১)
সোনামুড়া, ৪ জানুয়ারি, ২০২৪

অদ্বৈত মল্লবর্মণ উৎসব সমাপ্ত

কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণ ছিলেন অবহেলিত

মানুষের কাছে এক প্রেরণা : তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী

কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণ তাঁর সাহিত্যে সমাজের পিছিয়ে পড়া মানুষের জীবন সংগ্রামের কথা ফুটিয়ে তুলেছিলেন। তিনি ছিলেন অবহেলিত মানুষের কাছে এক প্রেরণা। গতকাল কেমতলীতে কথা সাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণের ১১০তম জন্মজয়ন্তী উদযাপনের সমাপ্তি অনুষ্ঠানে তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। অনুষ্ঠানে তিনি অদ্বৈত মল্লবর্মণের সাহিত্য থেকে অনুপ্রেরণা নিয়ে সমাজ পরিবর্তনে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। সমাপ্তি অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক কিশোর বর্মণ, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা অসীম সাহা। সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত, নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান জহরলাল ঘোষ, সোনামুড়া মহকুমার মহকুমা শাসক মানিকলাল দাস প্রমুখ।

তিনদিনব্যাপী আয়োজিত এই অনুষ্ঠানে স্থানীয় শিল্পীগণ ছাড়াও রাজ্যের বিভিন্ন স্থান এবং বাংলাদেশ থেকে আগত বিশিষ্ট শিল্পীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। এছাড়া এই তিনদিনই ছিল একক লোকসংগীত, সমবেত লোকসংগীত, লোকনৃত্য, হোলিগান, ছাত্রছাত্রীদের নিয়ে কুইজ, বক্তৃতা এবং বসে আঁকো প্রতিযোগিতা।
